



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল ব্রুকলিন ও ব্রঙ্কস সাবওয়ে স্টেশনে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির সমন্বয়ে দুইটি নতুন পপ-আপ টিকাকেন্দ্রের ঘোষণা করেছেন

কেন্দ্র হবে ব্রডওয়ে জংশন এবং ই.180 সেইন্ট সাবওয়ে স্টেশনে, সেসব এলাকায় টিকা গ্রহণের হার কম এই কৌশলগতভাবে কারণে এবং 29 সেপ্টেম্বর, বুধবার থেকে কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া কেন্দ্রে গেলেই টিকা প্রদান শুরু হবে

12 মে MTA পপ-আপ কেন্দ্র শুরু করার পর থেকে 34,345 জন এখানে টিকা গ্রহণ করেছে

MTA কেন্দ্রে এক-ডোজ টিকাগ্রহণকারী সবাই বিনামূল্যে 7-দিনের মেট্রোকার্ড বা রাউন্ড ট্রিপ LIRR বা মেট্রো-উত্তরের টিকেট পাওয়ার উপযুক্ত হবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) এর সাথে সমন্বয়ে দুইটি নতুন পপ-আপ টিকাদান কেন্দ্র ঘোষণা করেছেন। এইসব এলাকায় এখনো টিকা গ্রহণের হার কম এই কৌশলগতভাবে কারণে কেন্দ্রগুলি অবস্থিত হবে ব্রডওয়ে জংশন এবং ই.180 সেইন্ট সাবওয়ে স্টেশনে। MTA স্টেশনে পপ-আপ কেন্দ্র আনার সফল প্রোগ্রামটি শুরু হয় 12 মে, প্রথমত এটি নিউ ইয়র্ক সিটি ট্রানজিট, লং আইল্যান্ড রেলরোড এবং মেট্রো-উত্তর রেলরোডের আটটি স্টেশনে শুরু করা হয়, এবং এখানে জনগণকে জনসন অ্যান্ড জনসনের এক-ডোজ টিকা প্রদান করা হয়। প্রোগ্রামটির সূচনালগ্ন থেকে গতকাল পর্যন্ত এইসব স্থানে 34,345 জন টিকাগ্রহণ করেছে। প্রোগ্রামটি নিউ ইয়র্কে বেড়াতে আসা মানুষসহ সকলের জন্য অ্যাপয়েন্টমেন্ট না করেই টিকা গ্রহণের সুযোগ প্রদান করে, এবং সাথে প্রণোদনা হিসেবে বিনামূল্যে 7-দিনের মেট্রোকার্ড বা লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR) বা মেট্রো-উত্তরের টিকেট প্রদান করে। 17 জুন, প্রোগ্রামটিকে মিডটাউন ট্রানজিট হাব গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল ও পেন স্টেশনে সম্প্রসারিত করা হয়।

"অধিক মানুষ এখন সরাসরি কর্মস্থলে যোগ দিচ্ছে, এবং MTA সিস্টেমে যাত্রী বৃদ্ধির সাথে সাথে আমরা এই স্টেশন স্টপগুলিতে পপ-আপ কেন্দ্র বসিয়ে আরো অনেক মানুষের কাছে পৌঁছে যাওয়ার দারুণ একটি সুযোগ পেয়েছি," **গভর্নর হোচুল বলেন।** "যদি আপনার টিকা গ্রহণ বাকি থাকে এবং আপনি এই স্টেশন দিয়ে কোথাও যেতে থাকেন, আপনি সরাসরি এক-ডোজ টিকা

গ্রহণ করে আপনার কাজে যেতে পারবেন। এটি এতই সহজ, এবং সব থেকে ভালো ব্যাপার হল আপনি নিজেকে ও অন্যদের কোভিড-19 থেকে আরো ভালো সুরক্ষা দিতে পারবেন।"

ব্রডওয়ে জংশন এবং ই.180 সেইন্ট সাবওয়ে স্টেশনের নতুন কেন্দ্রগুলি নিউ ইয়র্কের এমন দুইটি সম্প্রদায়ের জন্য যেখানে টিকাগ্রহণের হার কম। ব্রুকলিনের ব্রডওয়ে জংশন স্টেশন সেবা প্রদান করে **A-C-L-J-Z** সাবওয়ে লাইনে, যার ফলে ব্রুকলিন ও কুইন্সের বাসিন্দারা সহজেই নতুন কেন্দ্রে আসতে পারবে। ব্রক্সে ই.180 সেইন্ট স্টেশন **2-5** লাইনে সেবা প্রদান করে, যেখানে টিকাগ্রহণের হার সর্বনিম্ন। উভয় কেন্দ্র সোমবার থেকে শুক্রবার খোলা থাকবে।

ই.180 সেইন্টে কর্মকাণ্ড চলবে সকাল ৪টা থেকে দুপুর ১টা পর্যন্ত। ব্রডওয়ে জংশন কেন্দ্র খোলা থাকবে বিকাল ৩টা থেকে রাত ৪টা পর্যন্ত।

পেন স্টেশন ও গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালের দুইটি কেন্দ্রে ২৪ সেপ্টেম্বর, বুধবার পর্যন্ত কর্মকাণ্ড চলবে, এরপর পরের দিন শক্তিসম্পদ ব্রডওয়ে জংশন এবং ই.180 সেইন্টে সরিয়ে নেওয়া হবে।

"নিউ ইয়র্কের সুস্থ হয়ে উঠা ঠিক পথে রাখতে টিকাগ্রহণের হার বাড়ানো অত্যাবশ্যকীয়," **MTA এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন।** "আমরা এখন আবার প্রতিদিন সাবওয়েতে তিন মিলিয়ন মানুষ পরিবহন করছি। সিস্টেমের দুইটি অপেক্ষাকৃত ব্যস্ত স্টেশনে পপ-আপ কেন্দ্র বসানোর মাধ্যমে, আমরা সেই সব নিউ ইয়র্কবাসীর জন্য টিকা অধিকার নিয়ে আসছি যারা হয়তো অন্যথায় টিকাগ্রহণের সময় বের করতে পারতো না। যত বেশি মানুষ টিকা গ্রহণ করবে, আমাদের স্টেট সবার জন্য তত বেশি নিরাপদ হবে, এবং আমরা টিকা বিতরণের জন্য সকল ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে গভর্নর হোচুলের সাথে কাজ করে যাবো।"

"টিকাই হল কোভিড-19 এর সব থেকে ভালো প্রতিরোধ," **MTA প্রধান নিরাপত্তা কর্মকর্তা, প্যাট্রিক ওয়ারেন বলেন।** "নিরাপদ পরিবেশের ব্যবস্থা করা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার এবং আমরা সাবওয়ে সিস্টেমের আরো বেশি নিউ ইয়র্কবাসীকে নিজেকে ও প্রিয়জনদের ভাইরাস থেকে বাঁচানোর জন্য এই গুরুত্বপূর্ণ প্রোগ্রামের সুযোগ নিতে দেখতে চাই।"

MTA জনগণকে কেন্দ্রগুলির ব্যাপারে জানানোর জন্য বলিষ্ঠ বার্তা প্রচার চালিয়ে যাচ্ছে। MTA স্টেশন, ট্রেন কার ও বাসের ভেতরে 12,000 স্ক্রিনে ডিজিটাল কেন্দ্রের অবস্থান ও কর্মকাণ্ডের সময় জানিয়ে বার্তা প্রচার করা হচ্ছে। MTA এর সামাজিক যোগাযোগ মাধ্যমগুলিতে তিন মিলিয়ন অনুসারীর কাছে প্রচার বার্তা পাঠানো হচ্ছে, এবং ট্র্যাফিক ফ্লো গাইড করার জন্য স্টেশনের পপ-আপ কেন্দ্রে পথ খুঁজে পাওয়ার সাইনবোর্ড লাগানো হয়েছে।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)

